



রাবিতে সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় এনসিপি'র নিন্দা



ছবি: সংগৃহীত

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) সাংবাদিকদের ওপর ছাত্রদলের নেতাকর্মীদের হামলার ঘটনায় নিন্দা জানিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। রোববার (৪ অক্টোবর) রাতে দলের মিডিয়া সেলের পাঠানো এক বিবৃতিতে হামলার সঙ্গে জড়িতদের দ্রুত গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানানো হয়।

বিবৃতিতে বলা হয়, রাত সাড়ে ৮টার দিকে শহীদ জিয়াউর রহমান হলের সামনে একটি ফেসবুক পোস্টের মন্তব্যকে কেন্দ্র করে উত্তেজনা তৈরি হয়। পরে ছাত্রদলের নেতাকর্মীরা রামদা, চাপাতি, হকিস্তিক, লোহার পাইপ ও বেসবল ব্যাটসহ দেশীয় অস্ত্র নিয়ে সেখানে অবস্থান নেন। সংবাদ সংগ্রহে গেলে সাংবাদিকদের ওপর হামলা করা হয় বলে এনসিপি'র বিবৃতিতে অভিযোগ করা হয়।

হামলায় দৈনিক সমকালের মঈনুল ইসলাম রাজু, দ্য ডেইলি স্টারের নূর আহসান মৃদুল, বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমের আরিফ উজ্জামান কোরবান এবং আগামীর সময়ের জাহিদুল ইসলাম আহত হন। জাহিদুলের মাথায় গুরুতর জখম হয়েছে বলে বিবৃতিতে জানানো হয়। আহতদের প্রথমে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রে নেওয়া হলেও পরে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

এনসিপি বলেছে, প্রত্যক্ষদর্শীদের বক্তব্য অনুযায়ী ছাত্রদলের সহসভাপতি আহসান হাবীব, যুগ্ম সাধারণ সম্পাদক হাসিবুল ইসলাম, সহসভাপতি শরিফুল ইসলাম ও সহদপ্তর সম্পাদক শাহরিয়ার আলমসহ অন্তত ১০ জন হামলায় অংশ নেন। সাংবাদিকদের হুমকি দেওয়ারও অভিযোগ করা হয়েছে।

বিবৃতিতে হামলাকারীদের গ্রেপ্তার করে শাস্তি নিশ্চিতের পাশাপাশি ক্যাম্পাসে সাংবাদিক ও সাধারণ শিক্ষার্থীদের নিরাপত্তা এবং নির্বিঘ্নে কাজের পরিবেশ নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রতি আহ্বান জানানো হয়।